২.৩.৬ দেশি-বিদেশি বিনিয়োগকারীদের আস্থা অর্জনে শিল্প স্থাপন অনুমোদন প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে আইন, বিধি, নীতিমালা ও সেবা প্রদান কার্যক্রম অধিকতর যুগোপযোগীকরণে বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/দপ্তরের সাথে সমন্বয় সাধন;

২.৩.৭ দেশি-বিদেশি উদ্যোক্তাগণের জন্য শিল্প স্থাপন সহজীকরণের লক্ষ্যে শিল্প পার্ক, বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপনসহ অবকাঠামো সুবিধার উন্নয়ন;

২.৩.৮ দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বহুপাক্ষিক বিনিয়োগ ও বাণিজ্যচুক্তি বিষয়ে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিতকরণ;

২.৩.৯ শিল্প খাতে নারী উদ্যোক্তাদের অধিক অংশগ্রহণের লক্ষ্যে নারী বান্ধব পরিবেশ সৃষ্টি এবং আর্থিক সুবিধা প্রদান নিশ্চিতকরণ;

২.৩.১০ দেশিয় ঐতিহ্যকে ধারণ করে স্থানীয় দক্ষতা সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে হস্ত, কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের ব্যাপক প্রসারে আর্থিক সহায়তা ও প্রণোদনা প্রদান;

২.৩.১১ প্রাকৃতিক দুর্যোগ ও ব্যাপকভিত্তিক অতিমারীর ঝুঁকি মোকাবেলায় সরকারি বেসরকারি শিল্প প্রতিষ্ঠানের সক্ষমতা উন্নয়ন ও প্রণোদনা প্রদান; এবং

২.৩.১২ আমদানি বিকল্প ও বৃহৎ শিল্পের অগ্রপশ্চাৎ শিল্প গড়ে তোলার ক্ষেত্রে তথা হালকা প্রকৌশল শিল্পের প্রসারের লক্ষ্যে শুল্ক-কর সুবিধা সহজীকরণ ও প্রণোদনা প্রদান।

## অধ্যায়-৩

## শিল্প প্রতিষ্ঠান ও শ্রেণিবিন্যাস

৩.১ **শিল্প:**

৩.১.১ ব্যাপক অর্থে 'শিল্প' বলতে নিম্নোক্ত উৎপাদন ও সেবামূলক কর্মকাণ্ডকে বোঝাবে;

৩.১.১.১ **উৎপাদন শিল্প:** পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংযোজন এবং পরবর্তীতে উৎপাদিত পণ্যের পুনঃসামঞ্জস্যকরণ ও প্রক্রিয়াকরণ সংক্রান্ত সকল প্রকার উৎপাদনশীল কর্মকাণ্ড;

৩.১.১.২ **সেবা শিল্প:** যন্ত্রপাতি কিংবা স্থায়ী সম্পদ বা মেধা সম্পদের উল্লেখযোগ্য ব্যবহারের মাধ্যমে যে সকল সেবামূলক কর্ম সম্পাদিত হয় সে সকল কর্ম **(পরিশিষ্ট-৫)**।

৩.২ **শিল্প প্রতিষ্ঠানের শ্রেণিবিন্যাস:**

**৩.২.১ বৃহৎ শিল্প**

৩.২.১.১ উৎপাদনের ক্ষেত্রে 'বৃহৎ শিল্প' (Large Industry) বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতীত স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ (Replacement Cost) ৫০ কোটি টাকার অধিক কিংবা তৈরী পোশাক/শ্রমঘন শিল্প প্রতিষ্ঠান ব্যতীত যেসব শিল্প প্রতিষ্ঠানে ৩০০ জনের অধিক শ্রমিক নিয়োজিত রয়েছে। যে সকল তৈরী পোশাক/শ্রমঘন শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকের সংখ্যা ১০০০ এর অধিক কেবল সে সকল তৈরি পোশাক শিল্প বৃহৎ শিল্পের অন্তর্ভুক্ত হবে;

৩.২.১.২ সেবা শিল্পের ক্ষেত্রে 'বৃহৎ শিল্প' বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৩০ কোটি টাকার অধিক কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ১২০ জনের অধিক শ্রমিক নিয়োজিত রয়েছে।

**৩.২.২ মাঝারি শিল্প**

৩.২.২.১ ম্যানুফ্যাকচারিং এর ক্ষেত্রে 'মাঝারি শিল্প' (Medium Industry) বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১৫ কোটি টাকা থেকে ৫০ কোটি টাকা কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ১২১-৩০০ জন শ্রমিক নিয়োজিত রয়েছে। তবে তৈরি পোশাক প্রতিষ্ঠান/শ্রমঘন শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে মাঝারি শিল্পে শ্রমিকের সংখ্যা সর্বোচ্চ ১০০০ জন;

৩.২.২.২ সেবা শিল্পের ক্ষেত্রে 'মাঝারি শিল্প' বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতীত স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ২ কোটি টাকা থেকে ৩০ কোটি টাকা পর্যন্ত কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ৫১-১২০ জন শ্রমিক নিয়োজিত রয়েছে;

৩.২.২.৩ তবে, কোন একটি মানদণ্ডের ভিত্তিতে একটি কর্মকাণ্ড মাঝারি শিল্পের অন্তর্ভুক্ত হলেও অন্য মানদণ্ডে সেটি বৃহৎ শিল্পের অন্তর্ভুক্ত হতে পারে। সেক্ষেত্রে এ কর্মকাণ্ডটি বৃহৎ শিল্পের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে। তৈরী পোশাক প্রতিষ্ঠান/শ্রমঘন শিল্পের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না।

**৩.২.৩ ক্ষুদ্র শিল্প**

৩.২.৩.১ ম্যানুফ্যাকচারিং এর ক্ষেত্রে 'ক্ষুদ্র শিল্প' (Small Industry) বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৭৫ লক্ষ টাকা থেকে ১৫ কোটি টাকা কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ২৬-১২০ জন শ্রমিক নিয়োজিত রয়েছে;

৩.২.৩.২ সেবা শিল্পের ক্ষেত্রে 'ক্ষুদ্র শিল্প' বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকা কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ১৬-৫০ জন শ্রমিক নিয়োজিত রয়েছে;

৩.২.৩.৩ তবে, কোন একটি মানদণ্ডের ভিত্তিতে একটি কর্মকাণ্ড ক্ষুদ্র শিল্পের অন্তর্ভুক্ত হলেও অন্য মানদণ্ডে সেটি মাঝারি শিল্পের অন্তর্ভুক্ত হতে পারে। সেক্ষেত্রে এ কর্মকাণ্ডটি মাঝারি শিল্পের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে। তৈরী পোশাক প্রতিষ্ঠান/শ্রমঘন শিল্পের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না।

**৩.২.৪ মাইক্রো শিল্প**

৩.২.৪.১ 'মাইক্রো শিল্প' (Micro Industry) বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ লক্ষ টাকা থেকে ৭৫ লক্ষ টাকা কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ০১-২৫ জন বা তার চেয়ে কম সংখ্যক শ্রমিক নিয়োজিত রয়েছে;

৩.২.৪.২ সেবা শিল্পের ক্ষেত্রে 'মাইক্রো শিল্প' বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতীত স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ লক্ষ টাকার নীচে কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে সর্বোচ্চ ১৫ জন শ্রমিক নিয়োজিত রয়েছে;

৩.২.৪.৩ তবে, কোন একটি মানদণ্ডের ভিত্তিতে একটি কর্মকাণ্ড মাইক্রো শিল্পের অন্তর্ভুক্ত হলেও অন্য মানদণ্ডে সেটি ক্ষুদ্র শিল্পের অন্তর্ভুক্ত হতে পারে। সেক্ষেত্রে এ কর্মকাণ্ডটি ক্ষুদ্র শিল্পের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে। তৈরী পোশাক প্রতিষ্ঠান/শ্রমঘন শিল্পের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না।

### ৩.২.৫ কুটির শিল্প

৩.২.৫.১ 'কুটির শিল্প' (Cottage Industry) বলতে পরিবারের সদস্যদের প্রাধান্যভুক্ত সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতীত স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ লক্ষ টাকার নীচে এবং যা পারিবারিক সদস্যসহ অন্যান্য সদস্য সমন্বয়ে গঠিত এবং সর্বোচ্চ জনবল ১৫ এর অধিক নয়;

৩.২.৫.২ তবে, কোন একটি মানদণ্ডের ভিত্তিতে একটি কর্মকাণ্ড কুটির শিল্পের অন্তর্ভুক্ত হলেও অন্য মানদণ্ডে সেটি মাইক্রো শিল্পের অন্তর্ভুক্ত হতে পারে। সেক্ষেত্রে এ কর্মকাণ্ডটি মাইক্রো শিল্পের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে।

### ৩.২.৬ হস্ত ও কারুশিল্প

'হস্ত ও কারুশিল্প' বলতে কারুশিল্পীর শৈল্পিক মনন ও শ্রমের ব্যাপক ব্যবহার বা বংশ পরম্পরায় প্রাপ্ত মেধা, দক্ষতা ও কলা-কৌশলের মাধ্যমে অথবা সৃজনশীল ব্যক্তি প্রশিক্ষণ গ্রহণ করে, প্রয়োজনে আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে এবং সময়ের পরিবর্তনশীলতাকে সমন্বয় করে নান্দনিক ও ব্যবহারিক যে পণ্য উৎপাদিত হয়।

### ৩.২.৭ হাইটেক শিল্প

'হাইটেক শিল্প' বলতে জ্ঞান ও পুঁজি নির্ভর, উচ্চ প্রযুক্তিভিত্তিক কৃত্তিম বুদ্ধিমত্তা নির্ভর, পরিবেশবান্ধব, ইনফরমেশন টেকনোলজি (আইটি), সফটওয়্যার টেকনোলজি, বায়ো-টেকনোলজি, রিনিউএবল এনার্জি, গ্রীন টেকনোলজি, হার্ডওয়্যার, ইনফরমেশন টেকনোলজি এনাবল্ড সার্ভিসেস (আইটিইএস) এবং রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) নির্ভর শিল্প কে বোঝাবে।

### ৩.২.৮ ভারী শিল্প

'ভারী শিল্প' বলতে এমন শিল্পপণ্যের উৎপাদন প্রক্রিয়াকে বোঝায় যেখানে বৃহৎ আকারের উদ্যোগ, বড় যন্ত্রপাতি, ভূমির বৃহৎ এলাকা, উচ্চ খরচ ইত্যাদি বিষয়গুলো জড়িত থাকবে এবং যা হালকা প্রকৌশল শিল্পের উন্নয়নকে ত্বরান্বিত করবে। উদাহরণস্বরূপ জাহাজ নির্মাণ শিল্প, পেট্রোলিয়াম পরিশোধন শিল্প, ইস্পাত শিল্প, মোটর গাড়ি নির্মাণ শিল্প, সিমেন্ট শিল্প, জলবিদ্যুৎ উৎপাদন শিল্প ইত্যাদি ভারী শিল্প হিসেবে গণ্য হবে।

**৩.২.৯ সৃজনশীল শিল্প**

'সৃজনশীল শিল্প (Creative Industry)' বলতে সে সমস্ত শিল্পকে বোঝায় যা শৈল্পিক মনন ও উদ্ভাবনী মেধা, দক্ষতা ও কলা-কৌশল অথবা আধুনিক প্রযুক্তি ব্যবহার করে নান্দনিক ও সৃষ্টিশীল পণ্য উৎপাদনে সহায়তা করে। যেমনঃ এ্যাডভার্টাইজিং, স্থাপত্য, আর্ট এন্ড এ্যান্টিক, ডিজাইন, ফ্যাশন ডিজাইন, ফিল্ম এন্ড ভিডিও, ইন্টারেক্টিভ লেজার সফ্টওয়্যার, মিউজিক, পারফর্মিং আর্ট, পাবলিশিং বা প্রকাশনা, সফটওয়্যার এন্ড কম্পিউটার ও মিডিয়া অনুষ্ঠান ইত্যাদি।

**৩.২.১০ রপ্তানি বহুমুখীকরণ শিল্প: (পরিশিষ্ট-১)**

রপ্তানি বহুমুখীকরণ শিল্প বলতে সে সমস্ত শিল্পকে বোঝাবে যে সমস্ত শিল্পের দ্রুত প্রবৃদ্ধির মাধ্যমে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি হবে এবং এ খাত থেকে উল্লেখযোগ্য রপ্তানি আয় অর্জন করা সম্ভব হবে। উত্তরোত্তর উন্নয়নের লক্ষ্যে এ শ্রেণির শিল্প সরকারের সুযোগ-সুবিধা প্রাপ্যতায় প্রাধান্য পাবে।

**৩.২.১১ বিশেষ উন্নয়নমূলক শিল্প: (পরিশিষ্ট-২)**

বিশেষ উন্নয়নমূলক শিল্প বলতে সে সমস্ত শিল্পকে বোঝাবে যেসব শিল্পপণ্যের রপ্তানি সম্ভাবনা রয়েছে অথচ পণ্যগুলোর উৎপাদন, সরবরাহ এবং রপ্তানি ভিত্তি সুসংহত নয় সে সকল পণ্যের রপ্তানি ভিত্তি সুদৃঢ়করণে সরকারি বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমে অগ্রাধিকার প্রদান করা হবে।

**৩.২.১২ অগ্রাধিকার শিল্প (পরিশিষ্ট-৩)**

'অগ্রাধিকার শিল্প (Priority Sector)' বলতে সেসব শিল্পকে বোঝাবে যে শিল্পখাতগুলো বিকাশমান এবং ক্রমবর্ধমানভাবে দেশের সামগ্রিক রপ্তানিতে অবদান রাখতে সক্ষম। কোন কোন শিল্পখাত/শিল্প উপ-খাত অগ্রাধিকারপ্রাপ্ত শিল্পখাত/উপ-খাত হিসেবে চিহ্নিত হবে তা সময়ে সময়ে সরকার কর্তৃক ঘোষিত হবে।

**৩.২.১৩ ট্রেডিং (পরিশিষ্ট**-৪)

ট্রেডিং বা ব্যবসা বলতে দেশে-বিদেশে উৎপাদিত পণ্য ক্রয়-বিক্রয়ের মাধ্যমে অর্থ উপার্জন সংক্রান্ত কর্মকাণ্ডসমূহকে বুঝাবে।

**৩.২.১৪ সংরক্ষিত শিল্প (পরিশিষ্ট-৬)**

সরকারি নির্দেশের মাধ্যমে যে সকল শিল্প জাতীয় নিরাপত্তার স্বার্থে সংরক্ষিত রাখা প্রয়োজন এবং যেসব শিল্প স্পর্শকাতর ও সংবেদনশীল হিসাবে সরকারি বিনিয়োগের জন্য সংরক্ষিত সেসব শিল্পকে সংরক্ষিত শিল্প (Reserved Industry) হিসেবে চিহ্নিত করা হবে।

**৩.২.১৫ নিয়ন্ত্রিত শিল্প (পরিশিষ্ট-৭)**

৩.২.১৫.১ প্রাকৃতিক/খনিজ সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকল্পে, দেশের স্বার্থে সেবামূলক/ বিনোদনমূলক কিছু শিল্প স্থাপনের বিষয়ে সরকারের যথাযথ সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণকল্পে এবং জাতীয় নিরাপত্তা ও সংস্কৃতির প্রতি হুমকির কারণ হতে পারে বা অর্থনীতি ক্ষতিগ্রস্ত হতে পারে এ ধরনের শিল্প ব্যক্তিখাতে স্থাপনের ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের/ কমিশনের (যেমন-সংস্কৃতি/ধর্ম মন্ত্রণালয়/শিল্প মন্ত্রণালয়/বিটিআরসি ইত্যাদি) অনুমোদন/ অনাপত্তি গ্রহণ করতে হবে;

৩.২.১৫.২ নিয়ন্ত্রিত তালিকাভুক্ত কোন শিল্প প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের/কমিশনের অনুমোদন/ অনাপত্তি না পাওয়া পর্যন্ত শিল্পের পোষক কর্তৃপক্ষ শিল্প স্থাপনের জন্য নিবন্ধন প্রদান করতে পারবে না।

**৩.২.১৬ পর্যটন শিল্প (পরিশিষ্ট-১০)**

পর্যটন শিল্প বলতে ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিক স্থানে ভ্রমণ, চারু ও কারুশিল্পের ঐতিহ্য ও স্থাপনা দর্শন, বনাঞ্চল ও জীব-বৈচিত্রের দর্শনীয় স্থানে ভ্রমণ, বিভিন্ন প্রকার আবাসন ও চিত্ত বিনোদনমূলক কর্মকান্ডকে বুঝাবে। একইসাথে পর্যটকদের জন্য নিরাপদ ও নির্বিঘ্ন ভ্রমণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পর্যটন সুযোগ- সুবিধাদি প্রবর্তন ও অবকাঠামো নির্মাণকেও বুঝাবে।

**৩.২.১৭ অপ্রাতিষ্ঠানিক শিল্প:**

দেশের বিশেষ আইন দ্বারা বিধিবদ্ধ নয় বা কর ও রাজস্ব আদায় খাতে অন্তর্ভুক্ত নয় কিংবা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত নয় এমন অর্থনৈতিক কর্মকান্ড ও উদ্যোগ অপ্রাতিষ্ঠানিক শিল্প হিসেবে আখ্যায়িত হবে। যেমন: গৃহকর্মী (Domestic Workers), হকার (Street Vendors), আবর্জনা সংগ্রহকারী (Waste Pickers) ইত্যাদি।

**৩.৩ পোষক কর্তৃপক্ষ (Sponsoring Authority)**

পোষক কর্তৃপক্ষ বলতে কোন বিশেষ শ্রেণি/খাতের শিল্পের নিয়ন্ত্রণকারী প্রশাসনিক কর্তৃপক্ষকে বোঝাবে। Allocation of Business অনুযায়ী সংশ্লিষ্ট খাত যে মন্ত্রণালয়/বিভাগের কর্মপরিধিভুক্ত, সে মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দায়িত্বপ্রাপ্ত অধিদপ্তর/সংস্থা/পরিদপ্তর/দপ্তর সংশ্লিষ্ট খাতের পোষক কর্তৃপক্ষ হিসেবে কাজ করবে। কোন একটি শিল্প কারখানা সংশ্লিষ্ট পোষক কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত হলে তার দায়-দায়িত্ব প্রাথমিকভাবে পোষক কর্তৃপক্ষের আওতায় থাকবে।

**৩.৪ নারী শিল্পোদ্যোক্তা**

যদি কোন নারী ব্যক্তিমালিকানাধীন বা প্রোপ্রাইটরি প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারী বা প্রোপ্রাইটর হন কিংবা অংশীদারী প্রতিষ্ঠান বা জয়েন্ট স্টক কোম্পানিতে নিবন্ধিত প্রাইভেট কোম্পানির পরিচালক বা শেয়ারহোল্ডারগণের মধ্যে অন্যূন (ন্যূনতম) ৫১% (শতকরা একান্ন ভাগ) অংশের মালিক হন তাহলে তিনি নারী শিল্পোদ্যোক্তা হিসেবে পরিগণিত হবেন।

**৩.৫ স্টার্ট-আপ**

স্টার্ট-আপ বলতে এক বা একাধিক ব্যবসায়িক উদ্যোক্তাদের দ্বারা নতুন প্রতিষ্ঠিত এমন ব্যবসায়িক বা শিল্প উদ্যোগ-কে বোঝায় যা কোন উচ্চ ঝুঁকি বিশিষ্ট কিন্তু ভবিষ্যতে বড়-মাপে উন্নীতযোগ্য ও দ্রুত প্রবৃদ্ধি লাভের সম্ভাবনা বিশিষ্ট মুনাফা-অর্জনকারী কোন নতুন ও অনন্য পণ্য উৎপাদন বা সেবা বিক্রয়ের ব্যবসা নিয়ে বাজারে প্রবেশ করার চেষ্টা করে।

৩.৬ **শিল্প ক্লাস্টার**

৫ (পাঁচ) কিলোমিটার ব্যাসার্ধের ভৌগোলিক এলাকায় অবস্থিত ৫০টি বা ততোধিক উৎপাদন বা সেবা খাতভুক্ত কুটির/মাইক্রো/ক্ষুদ্র/মাঝারি/বৃহৎ শিল্প প্রতিষ্ঠান যদি একই বা সমজাতীয় পণ্য বা সেবা উৎপাদন করে বা ব্যাকওয়ার্ড ফরওয়ার্ড লিঙ্কেজ তৈরির মাধ্যমে সমজাতীয় পণ্য উৎপাদনে সহায়তা করে তবে ঐ এলাকাটিকে শিল্প ক্লাস্টার হিসেবে গণ্য করা হবে।

৩.৭ বাস্তবতা ও সময়ের নিরিখে এবং অবস্থানগত পরিবর্তনের সাথে উপরে উল্লিখিত শিল্পের সংজ্ঞা ও শ্রেণিবিন্যাস পরিবর্তনযোগ্য।

## অধ্যায়-৪

## শিল্পনীতির প্রাধান্য

৪.১ পরবর্তী শিল্পনীতি প্রণীত না হওয়া পর্যন্ত জাতীয় শিল্পনীতি ২০২২ এর কার্যকারিতা অব্যাহত থাকবে। তবে শিল্পনীতিতে অন্তর্ভুক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রয়োজনে সংযোজন, বিয়োজন, পরিবর্তন এবং পরিবর্ধন করা যাবে;

৪.২ গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে এই শ্রেণিবিন্যাসে নতুন শিল্পখাত অন্তর্ভুক্ত করা যাবে তবে শিল্পনীতির সংশোধন ব্যতিরেকে বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্পের ক্ষেত্রে কোনোরূপ সংশোধন করা যাবে না;

৪.৩ অন্য কোনো সরকারি বা বেসরকারি সংস্থা কিংবা অর্থলগ্নী প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালায় শিল্পের কোন সংজ্ঞা বা শ্রেণিবিন্যাসের উল্লেখ থাকলেও উদ্ভূত বিতর্কের ক্ষেত্রে জাতীয় শিল্পনীতি ২০২২ এ বর্ণিত সংজ্ঞা ও শ্রেণিবিন্যাস প্রাধান্য পাবে; এবং

৪.৪ জাতীয় গুরুত্ব সম্পন্ন অথচ শিল্পনীতিতে সুস্পষ্টভাবে করা হয়নি, কিংবা শিল্পনীতির সাথে সাংঘর্ষিক সরকারের অন্য কোনো নীতি, বিধি-বিধান, কিংবা শিল্পনীতির কোনো বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ যে ব্যাখ্যা এবং নির্দেশনা প্রদান করবে তা প্রাধান্য পাবে এবং শিল্পনীতির অংশ হিসেবে গৃহীত হবে।

## অধ্যায়-৫

## অপ্রাতিষ্ঠানিক শিল্প খাতের উন্নয়ন

৫.১ অপ্রাতিষ্ঠানিক খাতের উদ্যোক্তাদের নিবন্ধন ও উন্নয়নের জন্য একটি সুনির্দিষ্ট ও মেয়াদভিত্তিক জাতীয় কর্মপরিকল্পনা তৈরি করা হবে;

৫.২ এসএমই নীতিমালা-২০১৯ এর আলোকে এসএমই ফাউন্ডেশন ও বিসিক কর্তৃক পরিচালিত অপ্রাতিষ্ঠানিক খাতে উদ্যোক্তা উন্নয়নের ধারাকে অব্যাহত রাখাসহ এর সার্বিক কার্যক্রমকে আরও শক্তিশালী করা হবে এবং অপ্রাতিষ্ঠানিক খাতের কুটির ও মাইক্রো শিল্পের বিকাশ ত্বরান্বিত করা হবে;